



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

controller@rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবি/উমা/পনি-৩০৪

তারিখ : ৩১ অক্টোবর ২০২৬

ফলাফল পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২৬ এর উত্তরপত্র নিম্নরূপভাবে পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করা যাবে।

এইচএসসি পরীক্ষা ২০২৬-এর ফলাফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলি:

আবেদন করার তারিখ : ০১/১১/২০২৬ থেকে ০৭/১১/২০২৬ তারিখ পর্যন্ত

আবেদন করার পদ্ধতি নিম্নরূপ :

- www.rajshahieducationboard.gov.bd ⇒ rescrutiny অথবা https://rescrutiny.eduboardresults.gov.bd - এ গিয়ে নির্ধারিত স্থানে রোল, রেজিস্ট্রেশন নম্বর পূরণ করতে হবে এবং বোর্ড ড্রপ ডাউন থেকে বোর্ড নির্বাচন করতে হবে। অতঃপর সাবমিট বাটনে ক্লিক করতে হবে।
- এরপর মোবাইল নম্বর দিতে হবে। পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশিত হলে এই নম্বরে SMS পাঠানো হবে।
- পরবর্তী স্ক্রিনে শিক্ষার্থীর বিষয়ভিত্তিক ফলাফল দেখা যাবে। এক বা একাধিক বিষয়ে ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য বিষয়সমূহ নির্বাচন করে 'ফি প্রদান করুন' বাটনে ক্লিক করতে হবে।
- প্রতিটি পত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে। দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রের আবেদন করতে হবে।
- পরবর্তী স্ক্রিনে প্রদেয় ফি-এর পরিমাণ দেখা যাবে। বিকাশ, নগদ, সোনালী সেবা, DBBL রকেট এবং টেলিটক মোবাইল সিমের মাধ্যমে ফি পরিশোধ করা যাবে। ফি পরিশোধের বিস্তারিত ধাপসমূহ উপরে উল্লিখিত পোর্টালের "Help" বাটনে ক্লিক করে দেখে নেওয়া যাবে।
- ফি পরিশোধ করে আবেদনের পোর্টালে এসে "জমা দিন" বাটনে ক্লিক করতে হবে।
- উল্লেখ্য যে, ফি প্রদান করে একবার আবেদন জমা দেওয়ার পরে ফি প্রদানপূর্বক আরও বিষয় যুক্ত করতে চাইলে একইভাবে তা করা যাবে। এক্ষেত্রে নতুনভাবে মোবাইল নম্বর দেওয়ার প্রয়োজন হবে না।
- এছাড়া ফি পরিশোধের আগেই যদি আবেদন পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে "মুছে ফেলুন" বাটনে ক্লিক করে নির্বাচিত বিষয়গুলো (যেগুলোর জন্য এখনও ফি প্রদান করা হয়নি) প্রত্যাহার করা যাবে এবং নতুন করে বিষয় নির্বাচন করা যাবে। তবে একবার ফি জমা দিলে আবেদনকৃত বিষয়গুলো আর বাতিল করা যাবে না এবং কোন অবস্থাতেই ফি ফেরত দেয়া হবে না।
- SMS বা ম্যানুয়াল কোন আবেদন গ্রহণ করা হবে না। শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণ করা হবে।


31.10.26

প্রফেসর ইফফাত জেরীন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

☎ ০২৫৮৮৮৫৬২৩১

স্মারক নম্বর- রাশিবি/উমা/১-৩য়(৫ম খন্ড)/পনি-৫২৩(৫)

তারিখ : ৩১ অক্টোবর ২০২৬

জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. আহ্বায়ক, আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি ও পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৩. অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান
৪. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. অফিস নথি